بسم الله الرحمن الرحيم

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail :bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

Press Release

April 17, 2011

Bangladesh Embassy in Washington, DC celebrates Pahela Boishakh

In celebration of the Bengali New Year, the Bangladesh Embassy in Washington, DC organized a discussion and cultural programme at the *Bangabandhu Auditorium* of the Embassy on April 17, 2011. To facilitate the participation of maximum number of people from the Bangladesh community in the greater Washington DC area, the weekly holiday of Sunday was chosen for the celebrations which included discussion, reading out of the messages of the Honourable President and the Honourable Prime Minister as well as a cultural programme. The Embassy officials, their family members and leading cultural activists of Bangladesh based in the greater Washington DC area took part in the cultural evening. The cultural programme included chorus performance of the traditional year beginner *eso hey boishakh eso eso, abar jombe mela,* recitation of poetry, Tagore, country and patriotic songs by members of the Bangladesh Embassy family and expatriate Bangladesh community.

Bangladesh Ambassador to the USA and State Minister Mr. Akramul Qader exchanged new year's greetings with the guests and, in his speech, expressed his hope that the new year would bring in renewed hope and prosperity in the lives of all Bangladeshi citizens living in the USA and in other foreign countries and to their near and dear ones in Bangladesh. Terming *Pahela Boishakh* as the most passionately marked day of Bengali calendar, he said this moment harbingers new frontiers of opportunities and accomplishments in our respective lives. Ambassador Qader expressed his hope that the Pahela Boishakh celebration at this Embassy and in other places in the USA would expose the new generation of Bangladeshies to the rich cultural aspects in our nation. Mr.

Anis Ahmed of the Voice of America also spoke on the occasion and briefly narrated how the Bengali calendar has impacted the nation's lifestyle, promoted secular ideas and enriched cultural attributes since its introduction by the Moghal Emperor Akbar in the mid 16th century.

Mrs Rifat Sultana Akram, wife of Ambassador Akramul Qader thanked the Embassy officials and employees, all artists and performers as well members of the Bangladesh community who spontaneously participated in the Embassy's Pahela Boishakh programme and made it a success. Mrs. Akram also wished a happy new Bengali year of 1418 to all. The guests were served with traditional Bangladeshi foods.

Swapan Kumar Saha, Minister (Press), Phone: 202-244-5071, Fax: 202-244-2771\7830, e-mail: pressministerwash@yahoo.com

بسم الله الرحمن الرحيم

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail :bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

প্রেস বিজ্ঞপ্তি

১৭ এপ্রিল ২০১১

উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসে বর্ষবরণ অনুষ্ঠান পালিত

বাংলা নববর্ষ উদ্‌যাপন উপলক্ষে বাংলাদেশ দূতাবাস ওয়াশিংটন ডিসি দূতাবাসের বঙ্গবন্ধু অডিটরিয়ামে ১৭ এপ্রিল ২০১১ একটি আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে। বৃহত্তর ওয়াশিংটন এলাকায় বসবাসরত বাঙালী অভিবাসীদের অংশগ্রহনের সুবিধার্থে সাপ্তাহিক ছুটির দিন রবিবার অনুষ্ঠানটি আয়োজন করা হয়। দিবসটি উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর বাণী পাঠ করা হয়। দূতাবাসের কর্মকর্তা কর্মচারী, তাদের পরিবারের সদস্য এবং ওয়াশিংটন ডিসি এলাকার বিশিষ্ট সাংস্কৃতিক কর্মীগণ সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহন করেন। এছাড়াও সাংস্কৃতিক অনুষ্ঠানে বাংলাদেশ দূতাবাস পরিবারের সদস্য এবং ওয়াশিংটনস্থ প্রবাসী বাঙালী শিল্পীগণ কোরাসে ঐতিহ্যবাহী বর্ষবরণের গান ''এসো হে বৈশাখ, এসো এসো,'' ''আবার জমবে মেলা'', আবৃত্তি, রবীন্দ্রসঙ্গীত এবং দেশাত্ববোধক গান পরিবেশন করে।

যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত এবং প্রতিমন্ত্রী জনাব আকরামুল কাদের অনুষ্ঠানে আগত অতিথিদের সাথে শুভেচ্ছা বিনিময় করেন। রাষ্ট্রদূত কাদের তাঁর বক্তব্যে আশা প্রকাশ করেন, নতুন বছর যুক্তরাষ্ট্রসহ বহির্বিশ্বের সকল দেশে বসবাসরত বাঙালীদের এবং স্বদেশে তাদের নিকটজনদের জীবনে আরও সমৃদ্ধি নিয়ে আসবে। পহেলা বৈশাখকে বাংলা দিনপঞ্জীর একটি অত্যন্ত আবেগঘন দিবস হিসেবে বর্ণনা করেন। তিনি বলেন, এ দিনটি আমাদের জীবনে নতুন সম্ভাবনার বার্তাবহনকারী দিনস্বরূপ। রাষ্ট্রদূত কাদের আশা প্রকাশ করেন, বাংলাদেশ দূতাবাসসহ মার্কিন যুক্তরাষ্ট্রের বিভিন্ন স্থানে পহেলা বৈশাখ উদ্‌যাপনের মাধ্যমে আমরা বহির্বিশ্বে বেড়ে উঠা নতুন প্রজন্মকে আমাদের সংস্কৃতির বিভিন্ন দিকের সাথে পরিচয় করিয়ে দিতে পারব। ভয়েস অব আমেরিকায় কর্মরত জনাব আনিস আহমেদও এ উপলক্ষে বক্তব্য প্রদান করেন। ষোড়শ শতকের মধ্যভাগে মুঘল সম্রাট আকবর কর্তৃক প্রবর্তনের পর হতে বাঙলা দিনপঞ্জী কিভাবে বাঙালীর জীবনাচরণকে প্রভাবিত করেছে, অসাম্প্রদায়িকতা এবং সাংস্কৃতিক মূল্যবোধকে উজ্জীবিত করেছে সেটিই ছিল তাঁর বক্তব্যের মূল উপজীব্য।

রাষ্ট্রদূতপত্নী মিসেস রিফাত সুলতানা আকরাম দূতাবাসের কর্মকর্তা/কর্মচারী, সকল শিল্পী ও কলাকুশলীদের তাদের অবদানের জন্য ধন্যবাদ দেন। স্বতঃস্ফূর্ত অংশগ্রহনের মাধ্যমে দূতাবাস আয়োজিত

‘‘পহেলা বৈশাখ’’ অনুষ্ঠানটিকে সাফল্যমন্ডিত করার জন্য তিনি প্রবাসী বাংলাদেশীদেরও ধন্যবাদ দেন। মিসেস আকরাম সকলকে ১৪১৮ নববর্ষের শুভেচ্ছা জানান। অনুষ্ঠানে অতিথিদের ঐতিহ্যবাহী বাংলাদেশী খাবার পরিবেশনের মাধ্যমে আপ্যায়ন করা হয়।

স্বপন কুমার সাহা, মিনিস্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি ফোন ঃ ২০২-২৪৪-৫০৭১, ফাক্স ঃ ২০২-২৪৪-২৭৭১/৭৮৩০ ই-মেইল ঃ pressministerwash@yahoo.com